

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং বিচার-৭/২-এন-৫১/০৪- ১২৫.

তারিখঃ ১৬/০৮/২০২০ খ্রিঃ

বিষয়ঃ গাইবান্ধা জেলার সদর পৌরসভার ০৪নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ শাহজাহান আলী এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জেলা রেজিস্ট্রার, গাইবান্ধা কর্তৃক তদন্তে গাইবান্ধা জেলার সদর পৌরসভার ০৪নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ শাহজাহান আলী এর বিরুদ্ধে জৈনিক মোঃ এতরাজ আলীর ছেলে মোঃ সাজ্জাদ হোসেন এর বাল্য বিবাহ নিবন্ধন করার বিষয়টি প্রমাণিত হওয়ায় এবং উহা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় আপনার নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

~~কবুল~~ ১০/৮/২০২০
(কুলবুল আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
বিচার শাখা-৭
ফোন নম্বর-৯৫৫৮২৮৭

প্রাপক :

জনাব মোঃ শাহজাহান আলী
সাবেক নিকাহ রেজিস্ট্রার
০৪নং ওয়ার্ড, গাইবান্ধা পৌরসভা, গাইবান্ধা।

কার্যার্থে বিতরণ :

- ০১। জেলা-রেজিস্ট্রার, গাইবান্ধা (সংশ্লিষ্ট নিকাহ রেজিস্ট্রারের নিকট হতে বিবাহ রেজিস্ট্রীকরণ সম্পর্কিত যাবতীয় রেকর্ড পত্র ও বাল্য বিবাহ জন্ম করার জন্য নির্দেশ দেয়া হলো)।
- ০২। সার্ব-রেজিস্ট্রার, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
- ০৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

জ্ঞাতার্থে বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।